# শাওয়ালের চাঁদ উঠেছে, কাল পবিত্র ঈদুল ফিতর



সংগৃহীত ছবি

পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা যাওয়ায় দেশে ঈদুল ফিতর উদযাপনের তারিখ নির্ধারণ করা হয়েছে। আজ সন্ধ্যায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদ প্রাঙ্গণে ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ–এর সভাকক্ষে জাতীয় পর্যায়ের চাঁদ দেখা কমিটির বৈঠক বসে। দেশের বিভিন্ন অঞ্চল থেকে পাওয়া তথ্য পর্যালোচনা শেষে ঈদের সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়।

সভায় সভাপতিত্ব করেন ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ)। তিনি জানান, বাংলাদেশের আকাশে শাওয়ালের চাঁদ দৃশ্যমান হওয়ায় আগামীকাল সারা দেশে পবিত্র ঈদুল ফিতর পালিত হবে।

এর আগে আজ শুক্রবার (২০ মার্চ) সন্ধ্যা ৬টা ১৬ মিনিটে কক্সবাজার জেলায় প্রথম চাঁদ দেখার খবর পাওয়া যায়। পরে অন্যান্য স্থান থেকেও একই ধরনের প্রতিবেদন আসে।

উল্লেখ্য, সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশে আগেই চাঁদ দেখা যাওয়ায় সেখানে আজ ঈদ উদযাপিত হচ্ছে। এছাড়া গত বৃহস্পতিবার আফগানিস্তান, মালি ও নাইজার-এ ঈদুল ফিতর পালিত হয়েছে।